

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
সরকারি কলেজ-৩ অধিশাখা
www.shed.gov.bd

নম্বর- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০১৯.২০২১. ২৪৩

তারিখ: ২৬ বৈশাখ ১৪২৯
২৭ এপ্রিল ২০২২

প্রজ্ঞাপন


যেহেতু, ড. মোল্লা আমির হোসেন (৬০৬৯), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা ও প্রাক্তন, চেয়ারম্যান, যশোর শিক্ষা বোর্ড, যশোর এর বিরুদ্ধে গত ২৫/০২/২০১৩ খ্রিষ্টাব্দে বি.সি.এস (সাধারণ শিক্ষা) ক্যাডারের সহযোগী অধ্যাপক (ইতিহাস) পদে চাকরি ইস্তফাপত্র দিয়ে ইস্তফাপত্র বিষয়ে সিদ্ধান্ত হওয়ার পূর্বেই রেজিস্ট্রার পদে খুলনা বিশ্ববিদ্যালয়ে যোগদান করায় এবং ০১ বছর ০৫ মাস ২৯ দিন রেজিস্ট্রার পদে চাকুরি করে রেজিস্ট্রার পদ হতে পদত্যাগ না করে বি.সি.এস (সাধারণ শিক্ষা) ক্যাডারে প্রত্যাবর্তন করায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) বিধি অনুযায়ী বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, ১০/০৪/২০২২ খ্রিষ্টাব্দে অভিযুক্ত কর্মকর্তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং শুনানিকালে দেখা যায় যে, জনপ্রশাসন মন্ত্রণালয় এবং আইন ও বিচার মন্ত্রণালয়ের মতামত গ্রহণপূর্বক অভিযুক্ত কর্মকর্তার খুলনা বিশ্ববিদ্যালয়ে চাকুরীকালকে বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করে তাঁকে পুনরায় শিক্ষা ক্যাডারে ফেরত গ্রহণ করার জন্য ১৪/৮/২০১৪ খ্রিষ্টাব্দে শিক্ষা মন্ত্রণালয় আদেশ জারি করে;

সেহেতু, ড. মোল্লা আমির হোসেন (৬০৬৯), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা-কে বিভাগীয় মামলা হতে অব্যাহতি দেয়া হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



২৭/০৪/২০২২
(মোঃ আবু বকর ছিদ্দীক)
সচিব

নম্বর- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০১৯.২০২১.

তারিখ: ২৭ বৈশাখ ১৪২৯
এপ্রিল ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (ড. মোল্লা আমির হোসেন) এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ।
- ২। চেয়ারম্যান, যশোর শিক্ষা বোর্ড, যশোর।
- ৩। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।
- ৬। ড. মোল্লা আমির হোসেন (৬০৬৯), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।


(মোহাম্মদ আবু নাসের বেগ)
উপসচিব

ফোন: ০২২২৩৩৫৪২৬৫